

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
সাধারণ শাখা
www.noakhali.gov.bd

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০০৭.৯৭.০০১.২০.১১১৪

তারিখ: ১৪ পৌষ ১৪২৮

২৯ ডিসেম্বর ২০২১

বিষয়: বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত নির্বাহী কমিটির ১১ তম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর ২৭/১২/২০২১ তারিখের স্মারক নং-৫৩৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত নির্বাহী কমিটির ১১ তম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি (সিদ্ধান্তের ক্রমানুসারে)
০২	২.৪। অবৈধভাবে নতুন দোকান স্থাপন রোধ, পুরনো অবৈধ/অনাবশ্যিক দোকানগুলো পর্যায়ক্রমে উচ্ছেদ করা, স্থানীয় শ্রমবাজারে রোহিঙ্গা নিয়োগকারীদের আইনের আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তাছাড়া অনুমোদিত কাজের ক্ষেত্রে ও Electronic Cash Transfer System চালুর বিষয় নিয়ে জাতীয় কমিটিতে আলোচনার জন্য সংশ্লিষ্ট সংস্থাগুলোর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। একই সাথে ভাসানচর ক্যাম্পে সন্ত্রাসীদের তালিকা তৈরি করা এবং ক্যাম্পের অভ্যন্তরে গোয়েন্দা তৎপরতা বৃদ্ধি করার ওপর সভাপতি গুরুত্বারোপ করেন।	২.৪(৩)। ভাসানচর ক্যাম্পে সন্ত্রাসীদের তালিকা তৈরি করা এবং ক্যাম্পের অভ্যন্তরে গোয়েন্দা তৎপরতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ব্যবস্থা নিবেন।	ভাসানচর ক্যাম্পে সন্ত্রাসীদের তালিকা তৈরি করা হচ্ছে এবং ক্যাম্পের অভ্যন্তরে গোয়েন্দা তৎপরতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
০২	২.৫। ভাসানচরে যাতায়াতকারী নৌকাগুলোর সংখ্যা ও মালিকানা বিষয়ক তথ্য (Database) থাকা আবশ্যিক। উখিয়া, টেকনাফ ও রামু সদরে রোহিঙ্গাদের বাইরে অবস্থান করা নিবুৎসাহিত করা এবং যে সকল রোহিঙ্গারা বিনা অনুমতিতে ক্যাম্পের বাইরে যায় তাদের ও তাদের পালিয়ে যেতে সহায়তাকারী স্থানীয়দের আইনের আওতায় আনা, ক্যাম্পের অভ্যন্তরে থাকা মাদ্রাসায় অবস্থান না করা, ক্যাম্পের অভ্যন্তরে বিনা প্রয়োজনে অনুমতিবিহীন মসজিদ স্থাপন রোধ করার উপর গুরুত্বারোপ করেন। ভাসানচর হতে পলায়ন রোধে অনুমতিপ্রাপ্ত মৎস্য আহরণকারী রোহিঙ্গাদের আরো নজদারির মধ্যে আনা প্রয়োজন।	২.৫(১)। অনুমতিপ্রাপ্ত রোহিঙ্গাদেরকে আরো কঠোর নজরদারীতে আনতে হবে।	২.৫(১)। ভাসানচর হতে পলায়ন রোধে অনুমতিপ্রাপ্ত মৎস্য আহরণকারী রোহিঙ্গাদের আরো নজদারির মধ্যে আনতে সংশ্লিষ্ট সংস্থা গুলোকে নির্দেশনা দেয়া হয়েছে এবং নিয়মিত টহল অব্যাহত আছে।

০২	২.৬। রোহিঙ্গা ক্যাম্পে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ, মাদক নিরোধ, রোহিঙ্গা ক্যাম্পের অভ্যন্তরে অবৈধ হাটবাজার উচ্ছেদ, রোহিঙ্গাদের মাঝে বিতরণকৃত ত্রাণ ও গ্যাস সিলিন্ডার বিক্রয়রোধ, অবৈধ কম্পিউটার দোকান উচ্ছেদ, স্থানীয় শ্রমবাজারে রোহিঙ্গাদের নিয়োগ রোধ, রোহিঙ্গাদের ক্যাম্পের বাইরে অবস্থান রোধ, রোহিঙ্গাদের বাংলাদেশী পাসপোর্ট গ্রহণরোধসহ মিয়ানমার হতে আগত রোহিঙ্গা আশ্রয়প্রার্থীগণের ক্যাম্পে মাদক বিরোধী কার্যক্রম প্রতিহত করার নিমিত্ত নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বৃদ্ধি করা এবং মোবাইল কোর্ট পরিচালনার তথ্য মাসিক সভায় উপস্থাপনের জন্য প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নির্বাহী কমিটির সভাপতির কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সংশ্লিষ্টদের অনুরোধ জানান।	২.৬। মোবাইল কোর্ট সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে এবং রোহিঙ্গা ক্যাম্পে সংগঠিত অপরাধ চিত্রের তথ্য/মোবাইল কোর্টের তথ্য নির্ধারিত হকে প্রতিমাসের ৭ তারিখের মধ্যে বিভাগীয় কমিশনার বরাবরে প্রেরণ করতে হবে।	২.৬। মোবাইল কোর্ট সংখ্যা বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং রোহিঙ্গা ক্যাম্পে সংগঠিত অপরাধ চিত্রের তথ্য/মোবাইল কোর্টের তথ্য নির্ধারিত হকে প্রতিমাসের ৭ তারিখের মধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে।
০৬	রোহিঙ্গা ক্যাম্পগুলোর কোভিড-১৯ পরিস্থিতি নিয়ন্ত্রণ বিষয়ে সামাজিক দূরত্ব নিশ্চিত করাসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অধিকতর গুরুত্ব দিতে হবে। অ্যাথুলেপ, আইসোলেশন সেবা, নমুনা সংগ্রহ ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিসহ যাবতীয় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গ্রহণের সময় স্থানীয় লোকজনের সুবিধা-অসুবিধা বিবেচনা করতে হবে।	রোহিঙ্গা ক্যাম্পসমূহে কোভিড-১৯ নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। সংক্রমণের হার যাতে বৃদ্ধি না পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে।	রোহিঙ্গা ক্যাম্পসমূহে কোভিড-১৯ নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সিভিল সার্জন, নোয়াখালীকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সংক্রমণের হার যাতে বৃদ্ধি না পায় সেদিকে লক্ষ্য রাখা হচ্ছে।
০৭	বলপ্রয়োগে বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের ধর্মীয় অনুভূতির প্রতি সম্মান রেখে সক্ষম দম্পতির মধ্যে স্বল্পমেয়াদি জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণে আগ্রহী করে তোলার জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে অনুরোধ করেন।	নোয়াখালী জেলা এনজিও বিষয়ক সভায় সংশ্লিষ্ট এনজিওদের সম্পৃক্ত করে আলোচনা করে রোহিঙ্গা সক্ষম দম্পতির মধ্যে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা এনজিও বিষয়ক ডিসেম্বর ২০২১ মাসের সভায় সংশ্লিষ্ট এনজিওদের সম্পৃক্ত করে রোহিঙ্গা সক্ষম দম্পতির মধ্যে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য এনজিওদের নির্দেশনা প্রদান করা হয়েছে।



৩০-১২-২০২১

মোহাম্মদ খোরশেদ আলম খান

জেলা প্রশাসক

ফোন: ০৩২১-৬১০২১

ফ্যাক্স: ০৩২১-৬১০৬২

ইমেইল: dcnoakhali@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়,
চট্টগ্রাম

দৃষ্টি আকর্ষণঃ সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম

